

## সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন।

তারিখঃ ১৪/১২/২০২৩ ইং,

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

### উপস্থিত সদস্যবৃন্দের নাম

- |                           |                                  |
|---------------------------|----------------------------------|
| ০১. জনাব মমতাজ বেগম       | ০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী |
| ০২. জনাব জোহরা বেগম       | ০৮. জনাব মোঃ মতিয়ার রহমান       |
| ০৩. জনাব আসমা বেগম        | ০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা        |
| ০৪. জনাব মোঃ জসীম শেখ     | ১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ     |
| ০৫. জনাব মোঃ আলমগীর হোসেন | ১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু  |
| ০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির | ১২. জনাব মোঃ নূরুল ইসলাম মল্লিক  |

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে ডিসেম্বর/২০২৩ মাসের সভার কার্য শুরু করা হইল।

### আলোচ্য সূচি-১:

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হইল। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

### আলোচ্য সূচি-২:

আলোচনার প্রারম্ভে সভাপতি দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার প্রতি মাগফেরাত কামনা করেন। সভাপতি সভায় আরও জানান যে, আগামী ১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি: মাসে আমাদের মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় পালন করা খুবই জরুরী। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে এ দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়। সভাপতি সাহেব জানান যে, আগামী ১৬ ডিসেম্বর সকলে একত্রিত হয়ে জাতীয় পতাকা উত্তোলন ও শহীদদের প্রতি আত্মার মাগফেরাত করা একান্ত প্রয়োজন। তখন সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন।

### আলোচ্য সূচি-৩:

ইউপি সদস্য জনাব মোঃ জসীম শেখ প্রস্তাব করেন যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের ট্যাক্স আদায় কার্যক্রমের তেমন কোনো অগ্রগতি নেই। তখন সভাপতি সাহেব সভাকে জানান যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরের ট্যাক্স আদায় কার্যক্রম এই মুহূর্তে করা সম্ভবপর নয়। তবে আগামী দুই বা তিন মাস পর যেকোনো এনজিও বা সংস্থার মাধ্যমে ট্যাক্স আদায় করা হবে। তখন এ প্রস্তাবে সকলেই একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে যে কোনো আহ্বাহী যেকোনো এনজিও এর মাধ্যমে ট্যাক্স আদায় করিয়া ইউপি চেয়ারম্যান ও সদস্যদের ইউপি অংশের বকেয়া সম্মানী ভাতা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

### আলোচ্য সূচি-৪:

সভায় সভাপতি সাহেব আরও জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে উন্নয়ন সহায়তা তহবিলের বরাদ্দ পাওয়া গিয়েছে। কিন্তু এ মুহুর্তে বরাদ্দ বিভাজন করা বা কাজ শুরু করা সম্ভব নয়। কারন আসন্ন জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনের পর প্রত্যেক ওয়ার্ডে ওয়ার্ড মিটিং করিতে হইবে এবং পরবর্তীতে এ বরাদ্দের বিভাজন করা হইবে। তখন সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে আসন্ন জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনের পর ওয়ার্ড মিটিং করে প্রকল্পের কাজ শুরু করা হইবে বলে সভাপতি সাহেব জানান।

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।

তারিখ: ১৪/১২/২০২৩ খ্রি: